

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd



স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.১৬০.৩১.০০১.২০.৩২

তারিখ: ৯ আশ্বিন ১৪২৭

২৪ সেপ্টেম্বর ২০২০

বিষয়: বসুন্ধরা কোভিড হাসপাতাল, কুড়িল, ঢাকার কোভিড-১৯ সংক্রান্ত সকল স্বাস্থ্য সেবা কার্যক্রম বন্ধকরণের নিমিত্তে যাবতীয় কার্যক্রম গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেণিতে জানানো যাচ্ছে যে, করোনভাইরাস (কোভিড-১৯) মোকাবেলায় বসুন্ধরা কমভেনশন সেন্টার, কুড়িল, ঢাকা-কে করোনভাইরাস সংক্রমিত রোগী চিকিৎসার স্বার্থে কোভিড-১৯ ডেডিকেটেড হিসাবে ঘোষণা করা হয়েছিল। বর্তমানে উক্ত হাসপাতালে করোনভাইরাস সংক্রমিত রোগী ভর্তির সংখ্যা উল্লেখযোগ্য হারে কমে যাওয়ায় সরকারকে বিপুল পরিমাণ আর্থিক ক্ষতির হাত থেকে রক্ষা করার জন্য আগামী ৩০/০৯/২০২০ তারিখের মধ্যে জরুরিভিত্তিতে বসুন্ধরা কোভিড হাসপাতালের কোভিড-১৯ চিকিৎসা কার্যক্রম বন্ধকরণসহ নিম্নোক্ত কার্যাবলি সম্পাদনপূর্বক স্বাস্থ্য সেবা বিভাগকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) বসুন্ধরা কর্তৃপক্ষের সাথে স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MOU) বাতিলকরণ।

(খ) বসুন্ধরা কোভিড হাসপাতালে চিকিৎসা সেবায় নিয়োজিত সকল চিকিৎসক, নার্স, টেকনোলজিস্টসহ স্বাস্থ্য কর্মীদের ফেরত আনাপূর্বক বদলি/পদায়ন।

(গ) ২০৩১টি জেনারেল বেড (আনুষঙ্গিক জিনিসপত্র, সাইড টেবিল, স্ট্যান্ডসহ), ৭১টি আইসিইউ বেড (আনুষঙ্গিক জিনিসপত্র, সাইড টেবিল, স্ট্যান্ডসহ), ১০টি ভেন্টিলেটর, যাবতীয় আসবাবপত্র, ইলেকট্রনিক যন্ত্রপাতি, ট্রান্সমিটার, অক্সিজেন প্লাটসহ সকল মালামাল আগামী ৩০/০৯/২০২০ তারিখের মধ্যে ফেরত।

(ঘ) বসুন্ধরা কোভিড হাসপাতালের বিদ্যুৎ বিল ও বর্জ্য ব্যবস্থাপনা বিল পরিশোধ।

২৪-৯-২০২০

ড. বিলকিস বেগম

উপসচিব

ইমেইল: ghm1@hsd.gov.bd

বিতরণ:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর
- ২) মহাপরিচালক (মহাপরিচালক এর দপ্তর, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
- ৩) প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (স্বাস্থ্য অধিদপ্তরের সাথে সমন্বয় করে বসুন্ধরা কোভিড হাসপাতাল, কুড়িল, ঢাকায় স্থাপিত যন্ত্রপাতি ফেরত আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ)
- ৪) চীফ টেকনিক্যাল ম্যানেজার, চীফ টেকনিক্যাল ম্যানেজার এর দপ্তর, ন্যাশনাল ইলেকট্রো-মেডিক্যাল ইকুইপমেন্ট মেইনটেন্যান্স ওয়ার্কশপ অ্যান্ড ট্রেনিং সেন্টার (নিমিউ অ্যান্ড টিসি)

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.১৬০.৩১.০০১.২০.৩২/১(৮)

তারিখ: ৯ আশ্বিন ১৪২৭

২৪ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
- ২) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৪) পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক), পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক)-এর দপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর
- ৫) ডা. তানভীর আহমেদ চৌধুরী, পরিচালক, বসুন্ধরা কোভিড হাসপাতাল, কুড়িল, ঢাকা
- ৬) সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, হাসপাতাল অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, সরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনা অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ

২৪-৯-২০২০

ড. বিলকিস বেগম

উপসচিব